দৈনিক খবর

তারিখ ...13 JUL 1989 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ৬ হাজার শিক্ষক ও কর্মচারী উৎসব থেকে বঞ্চিত

পটুয়াখালী, ১২ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– জেলার ৬টি উপজেলার বেসরকারী স্কুলগুলো জুন মাসের অনুদান না পাওয়ায় ৬ হাজার শিক্ষক ও কর্মচারী ঈদ উৎসব থেকে বঞ্চিত হচ্ছেন।

আজ বুধবার সন্ধ্যায় স্থানীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির সভাপতি আলতাফ হোসেন ও সাধারণ সম্পাদক আবদুল খালেক এ অভিযোগ করে জানান, সরকারী স্কুলের শিক্ষক কর্মচারীরা ইতিমধ্যেই ঈদ উৎসব ভাতা পেয়েছেন। অথচ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৬ হাজার শিক্ষক–কর্মচারী তাদের বেতন ও বোনাস এখনো পায়নি।

তারা বলেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের অনুদান দিয়ে দেয়ার কথা ইতিমধ্যেই সংবাদপত্রের মাধ্যমে সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত সরকারী ঘোষণা সংবাদপত্রেই সীমাবদ্ধ রয়েছে। বেতন ঈদ উৎসব ভাতার টাকার জন্য নির্ধারিত একটি ব্যাংকে ধর্ণা দিয়েও টাকাপাননি।